স্মারক নং ...০৭... তারিখ ০৬/০৭/২৫
প্রেরিত ...২১.০৭.২৫...
প্রেরিত ... পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য প্রেরণ করা হলো।
আদেশ ক্রমে
সেরেস্তাদার

# "নিলাম বিজ্ঞপ্তি"

অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারার বিধান মতে

বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

## ঋন ডিক্রীজারী মোকদ্দমা নং-১৩৫/২০২৪

সোনালী ব্যাংক পিএলসি, গোদনাইল শাখা, থানা- সিদ্ধিরগঞ্জ, জেলা- নারায়ণগঞ্জ। উক্ত শাখার পক্ষে ম্যানেজার সোনালী ব্যাংক পিএসসি, গোদনাইন শাখা, নারায়ণগঞ্জ।

----- ডিক্রীদার

বনাম

১। মেসার্স মিম ট্রেডনি, মালিক- মোঃ আনিসুর রহমান মোল্লা ওরফে আনিসুর রহমান, জাতীয় পরিচয় পত্র নং-৫৫৪৮৭৯৪৫৫০, জন্ম তারিখ- ১১/০৩/১৯৭৯ইং, পিতা-মৃত রজ্জব আলী মোল্লা. মাতা- আয়েশা বেগম, সাং- এইচ ২১৪ ভূইয়াপাড়া, পোঃ- এল.এন.সি মিলন-১৪৩২, থানা- থানা-সিদ্ধিরগঞ্জ, জেল-নারায়ণগঞ্জ।

২। মোঃ আনিসুর রহমান মোল্লা ওরফে আনিসুর রহমান, জাতীয় পরিচয় পত্র নং-৫৫৪৮৭৯৪৫৫০, জন্ম তারিখ- ১১/০৩/১৯৭৯ইং, মালিক-মেসার্স মিম ট্রেডার্স, পিতা-মৃত রজ্জব আলী মোল্লা. মাতা- আয়েশা বেগম, সাং- এইচ ২১৪ ভূইয়াপাড়া, পোঃ- এল.এন.সি মিলন-১৪৩২, থানা- থানা-সিদ্ধিরগঞ্জ, জেল-নারায়ণগঞ্জ, মোবাইল নং- ০১৯২০৭৭৬০৬৭।

অর্থঋণ আদালত নারায়ণগঞ্জ

----- দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য ১১,৫৮,৯১০/- টাকা, ২৯/০৯/২০২১ ইং তারিখ হইতে ১৯/০৫/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদ ৩,৮৫,৩৪০/- টাকা, অন্যান্য খরচ ১,১৫,৮৪৩/- টাকা, দাইকগন কর্তৃক জমা ১০,০০০/- টাকা, সর্বমোট পাওনা ১৬,৫০,০৯৩/- টাকা। এমতাবস্থায় নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ-এ রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৬/০৭/২৫ ইংরেজী তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

## নিলামের শর্তাবলী

১) আগামী ২৬/০৭/২৫ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

SONALI BANK PLC ★ Godnail Branch ★

২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩) নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪) প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুধর্ক্ষ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ **মোকাম-বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫) দরদাতা অনুধর্ক্ষ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুধর্ক্ষ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নবব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তা করতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬) দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ১৮/০৭/২৫ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯) উপরে বর্ণিত ক্রমিক নং-৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ

অর্থঋণ আদালত নারায়ণগঞ্জ
SONALI BANK PLC ★ Godnail Branch ★
CamScanner

দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহব্বান করিবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহূত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তি গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১) দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩) সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪) আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।

১৫) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

**তফসিল**

জেলা-নারায়ণগঞ্জ, থানা-সিদ্ধিরগঞ্জ, সাব রেজিষ্ট্রার অফিস-নারায়ণগঞ্জ সদর, মৌজা-গোদনাইল, জে.এল নং সি.এস-২০৪, এস.এ-১৮, আর.এস-০৮ নং, মৌজা-গোদনাইলস্থিতঃ-

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমান |
|---|---|---|---|
| সি.এস-৪৪৮<br>এস.এ-৮৫৮<br>আর.এস-১২০২<br>নামজারী-৯৭৪৮<br>জোত-৯৭৪৭ | সি.এস-১০৮৮<br>এস.এ-১০৮৮<br>আর.এস-১৩৫১ | বাড়ী | ৩.০০ (তিন) শতাংশ। |

চৌহদ্দিঃ- উত্তরে-খুকু মনি গং, দক্ষিনে-আবুল হোসেন গং, পূর্বে-রাস্তা, পশ্চিমে-মোস্তাজ গং।

আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ
অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।